গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সওব্য-৪ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৫৩.১৫.০০১.১৩(অংশ-১)-১৪১

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৯
১৮ জুলাই ২০২২

বিষয়: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত পদের মেয়াদ সংরক্ষণ।

সূত্র: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২৭-০৬-২০২২ তারিখের স্মারক নং-৪০.০০.০০০০.০১০.১৫.০০১.২২-১৭৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নবর্ণিত ১৫০ (একশত পঞ্চাশ)টি পদের মেয়াদ ০১-০৬-২০২২ তারিখ হতে ৩১-০৫-২০২৩ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণে বর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**পদের বিবরণ:**

| ক্রমিক নং | পদ নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ০১. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৪৬টি |
| ০২. | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ০৭টি |
| ০৩. | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ২৭টি |
| ০৪. | শ্রম পরিদর্শক (সেফটি) | ৩১টি |
| ০৫. | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১টি |
| ০৬. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ০২টি |
| ০৭. | প্রধান সহকারী | ০১টি |
| ০৮. | উচ্চমান সহকারী | ০৬টি |
| ০৯. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১০টি |
| ১০. | গাড়ী চালক | ১০টি |
| মোট= | | ১৫০টি |

শর্তসমূহ:

(ক) অর্থ বিভাগের সম্মতি গ্রহণসহ অন্যান্য সকল আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে;

(খ) পদ সংরক্ষণে অর্থ বিভাগের সম্মতির কপি এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের জিও জারির কপি আবশ্যিকভাবে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

[illegible]
উপসচিব
ফোন: [illegible]
ইমেইল: om4@mopa.gov.bd

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় ব্যবস্থাপনা-৭ শাখা
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৫৭.১৫.০০৩.৯৯.২০৩

তারিখ: ২ ভাদ্র ১৪২৯
১৭ আগস্ট ২০২২

বিষয়: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ১৫০টি পদের মেয়াদ সংরক্ষণ প্রসংগে।

সূত্র: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্মারক নং- ৪০.০০.০০০০.০২০.১৫.০০১.২২-৩২৪, তারিখ: ০১/০৮/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত নিম্নবর্ণিত ১৫০টি পদের মেয়াদ ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২৩ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণে বর্ণিত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ০১. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৪৬টি |
| ০২. | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ০৭টি |
| ০৩. | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ২৭টি |
| ০৪. | শ্রম পরিদর্শক (সেফটি) | ৩২টি |
| ০৫. | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০৯টি |
| ০৬. | প্রধান সহকারী | ০১টি |
| ০৭. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ০২টি |
| ০৮. | উচ্চমান সহকারী | ০৬টি |
| ০৯. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১০টি |
| ১০. | গাড়ি চালক | ১০টি |
| | মোট= | ১৫০টি |

(ক) পদ সংরক্ষণের জি.ও. জারির পূর্বে মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদন গ্রহণ করতে হবে;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কবিশা/কপগ-১১/২০০১-১১১ নং স্মারকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে;

(গ) পদ সংরক্ষণের জি.ও. জারি করে জারিকৃত জি.ও.-র ০৪ (চার) কপি অর্থ বিভাগে পৃষ্ঠাংকনের জন্য পাঠাতে হবে;

(ঘ) অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কনকৃত জি.ও-র ০১ (এক) কপি সংশ্লিষ্ট চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ে প্রেরণ এবং ০১ (এক) কপি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী অফিসে সংরক্ষণ করতে হবে;

(ঙ) অস্থায়ীভাবে সৃজিত পদ নির্ধারিত সময় অতিক্রান্তে স্থায়ীকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(চ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৭-৮-২০২২
মো: আব্দুল গফুর
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৫৪৪৫

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০২০.১৫.০০১.২২-৩৭২

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২২ খ্রি:

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ১৫০টি পদের মেয়াদ সংরক্ষণ প্রসঙ্গে।**

আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০৭-২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৫৩.১৫.০০১.১৩(অংশ-২)-১৪১ নং স্মারক এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭ এর ১৭-০৮-২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৫৭.১৫.০০৩.৯৯-২০৩ নং স্মারকে সম্মতির প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ১৫০টি পদের মেয়াদ ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২৩ তারিখ পর্যন্ত নিয়মিতভাবে সংরক্ষণের প্রশাসনিক মঞ্জুরি আদেশ জ্ঞাপন করা হলো:

পদের বিবরণ:

| ক্র/নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ)<br>৯ম গ্রেড | ৪৬টি | ২২,০০০-৫৩,০৬০/- |
| ০২. | সহকারী মহাপরিদর্শক (সেফটি)<br>৯ম গ্রেড | ০৭টি | ২২,০০০-৫৩,০৬০/- |
| ০৩. | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৯ম গ্রেড | ২৭টি | ২২,০০০-৫৩,০৬০/- |
| ০৪. | শ্রম পরিদর্শক (সেফটি)<br>১০ম গ্রেড | ৩২টি | ১৬,০০০-৩৮,৬৪০/- |
| ০৫. | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)<br>১০ম গ্রেড | ০৯টি | ১৬,০০০-৩৮,৬৪০/- |
| ০৬. | প্রধান সহকারী<br>১৩তম গ্রেড | ০১টি | ১১,০০০-২৬,৫৯০/- |
| ০৭. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>১৩তম গ্রেড | ০২টি | ১১,০০০-২৬,৫৯০/- |
| ০৮. | উচ্চমান সহকারী<br>১৪তম গ্রেড | ০৬টি | ১০,২০০-২৪,৬৮০/- |
| ০৯. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>১৬তম গ্রেড | ১০টি | ৯,৩০০-২২,৪৯০/- |
| ১০. | গাড়ি চালক<br>১৬তম গ্রেড | ১০টি | ৯,৩০০-২২,৪৯০/- |
| | মোট= | ১৫০টি | |

০২। উল্লিখিত পদের ব্যয়ভার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে। এ পদ সৃজনে প্রচলিত যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে।

(কামরুন নাহার)
সহকারী সচিব (রুটিন দায়িত্ব)
ফোনঃ+৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০২০.১৫.০০১.২২-৩৭২ তারিখ: ১৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ আগস্ট ২০২২ খ্রি:

অনুলিপি:

০৩ কপি পৃষ্ঠাংকনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-এর নিকট কপি প্রেরণ করার জন্য অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.০৮.২০২২

(কামরুন নাহার)
সহকারী সচিব (রুটিন দায়িত্ব)
ফোনঃ+৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

স্মারক নং- ০৭.০০.০০০০.১৫৭.২৪.০০৬.২২-২১৬ তারিখ: ০৫/০৯/২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-তে প্রেরণ করা হলো। এতে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

০৫.০৯.২০২২

(মোঃ আব্দুল গফুর)
সিনিয়র সহকারী সচিব
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

স্মারক নং-৪০.০০.০০০০.০২০.১৫.০০১.২২-৩৭২/১(১১) তারিখ: ১৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ আগস্ট ২০২২ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অফিস কপি/গার্ড ফাইল।

(কামরুন নাহার)
সহকারী সচিব (রুটিন দায়িত্ব)